দৈনিক সংবাদ 32
তারিখ ... 09 SEP 1996
পৃষ্ঠা ৮ কলাম ৮

# আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালন

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল রোববার সারাদেশে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালন করা হয়েছে। দিবসটি পালন উপলক্ষে সরকারি ও বেসরকারি উদ্যোগে সেমিনার, র‌্যালি, আলোচনা সভা প্রভৃতি কর্মসূচির আয়োজন করা হয়। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী এ উপলক্ষে বাণী প্রদান করেন।

রাজধানীতে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে আলোচনা সভার আয়োজন করে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এতে প্রধান অতিথি হিসেবে অংশ নেন।

মৌলিক চাহিদা নিশ্চিতকরণ সমিতি (আরবান)–এর উদ্যোগে জাতীয় প্রেসক্লাবে আয়োজিত শিক্ষা বিষয়ক সেমিনারের প্রধান অতিথির ভাষণে কবি শামসুর রাহমান বলেন, মানুষ শিক্ষা লাভ করেও অনেক সময় অশিক্ষিত থেকে যায়। যদি সে অসাম্প্রদায়িক না হতে পারে।

বিচারপতি কামাল উদ্দিন হোসেনের সভাপতিত্বে সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ডঃ শাহজাহান তপন। মূল প্রবন্ধের ওপর আলোচনায় অংশগ্রহণ করেন এম এস মেঘনা গুহ ঠাকুরতা। বক্তব্য রাখেন আরবান–এর সমন্বয়কারী মোহাম্মদ কামাল উদ্দিন, মোঃ খাদেমুল ইসলাম।

সেমিনারের মূল আলোচনা শুরুর পূর্বে আরবান পরিচালিত স্কুলের শিশু–কিশোরদের সমন্বয়ে গঠিত শিশু–কিশোর শিল্পীগোষ্ঠী ও আরবান–এর শিল্পীরা গণসঙ্গীত পরিবেশন করেন।

সম্মিলিত সাক্ষরতা অভিযানের উদ্যোগে গতকাল সকালে বর্ণাঢ্য র‌্যালি বের করা হয়। শাহবাগস্থ জাতীয় জাদুঘর থেকে এই র‌্যালি প্রেসক্লাব হয়ে শহীদ মিনারে গিয়ে শেষ হয়। এতে শিশু, স্কুল ছাত্রছাত্রী, শিক্ষক, এনজিও কর্মীবৃন্দসহ হাজার হাজার লোক অংশ নেয়। র‌্যালির মূল বক্তব্য ছিল 'সবার জন্য মানসম্মত শিক্ষা'।

বাংলাদেশ জাতিসংঘ সমিতি গতকাল বিকেলে সমিতির কার্যালয়ে এক আলোচনা সভার আয়োজন করে। স্বনির্ভর বাংলাদেশের শিক্ষা কর্মসূচির পরিচালক সামন্ত ভদ্র বড়ুয়া অনুষ্ঠানে মূল বক্তব্য উপস্থাপন করেন। আলোচনা করেন প্রবীণ শিক্ষাবিদ প্রফেসর লতিফা আকন্দ, সাংবাদিক সন্তোষ গুপ্ত, এডভোকেট মোল্লা মকবুল হোসেন, অধ্যাপক রইসউদ্দিন এবং বাংলাদেশ–জাতিসংঘ সমিতির সেক্রেটারি জেনারেল এডভোকেট সৈয়দ আহমদ হোসেন। বিশিষ্ট শিক্ষাবিদ প্রফেসর মোহাম্মদ আবু বকর অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

'জননাট্য সংঘ' বিকেল ৫টায় নিউ মার্কেট সংলগ্ন শাহনেওয়াজ হলের সামনের সড়ক দ্বীপে শিক্ষা ও সচেতনতামূলক খোলা নাটক 'জনতার পাঠশালা' মঞ্চস্থ করে। এলাকার আশপাশের বস্তিবাসী শিশু–কিশোর ও বয়স্ক নিরক্ষর জনসাধারণকে নিয়ে নাটকটি মঞ্চস্থ হয়।